প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সম্পদ বেড়েছে বহুগুণ

নির্বাচন কমিশনে (ইসি) দাখিল করা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোননয় পত্রের সাথে জমা দেওয়া হলফনামা, দশম ও একাদশ সংসদ নির্বাচনের হলফনামা বিশ্লেষণ করে এ তথ্য জানা গেছে। যা একাদশ জাতীয় সংসদ নির্বাচনের থেকেও কয়েক গুণ বেশি।

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন। তিনি এর আগে দশম ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে এ আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে সংসদ সদস্য নির্বাচিত হন। একাদশ সংসদে নির্বাচিত হওয়ার পর তিনি জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দায়িত্ব পান। দশম জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য হওয়ার আগে তিনি ঢাকার একটি প্রাইভেট কলেজে শিক্ষকতা করতেন।

গত ১০ বছরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের রেকর্ড পরিমাণ সম্পদের একটি বড় উৎস হলো কৃষি। এই খাতে বছরে ২৫ লাখ টাকার বেশি আয় করেন তিনি। এছাড়া অন্যন্যা খাতেও তার আয় বেড়েছে।

হলফনামায় তিনি লিখেছেন, কৃষি থেকে তাঁর বছরে আয় ২৫ লাখ ১৮ হাজার টাকা, ব্যবসা থেকে ১৭ লাখ ৭৯ হাজার ৩৭৪ টাকা, শেয়ারবাজার ও ব্যাংক আমানত থেকে ৪ লাখ ২৮ হাজার ২০১ টাকা এবং পারিশ্রমিক, ভাতা, সম্মানী হিসেবে ২৯ লাখ ৭৬ হাজার ২৭৫ টাকা আয় করেন। এই হিসাবে তাঁর আয়ের বড় অংশটি আসে পারিশ্রমিক, ভাতা ও সম্মানী থেকে।

তাঁর নগদ রয়েছে ১ কোটি ৩৬ লাখ ৬০ হাজার ৬৯৬ টাকা, যা পাঁচ বছর আগে একাদশ সংসদ নির্বাচনের সময় ছিল ৬ লাখ টাকা। ১০ বছর আগে সংসদ নির্বাচনের সময় নগদ ছিলো ৯ লাখ টাকা এবং ব্যাংকে জমা ছিলো ১১ লাখ ৭৬ হাজার ২৩৮ টাকা।

এ ছাড়া বর্তমানে তাঁর ব্যাংকে আছে ২৯ লাখ ১ হাজার ৯১৫ টাকা এবং পোস্টাল সেভিংস রয়েছে ৪০ লাখ টাকার, যার অর্ধেক তাঁর স্ত্রীর নামে। তিনি যে গাড়িটি ব্যবহার করছেন তার দাম ৭৫ লাখ ৫০ হাজার টাকা। তাঁর স্ত্রীর নামে একটি মাইক্রোবাস রয়েছে, যার দাম ৭ লাখ ৫০ হাজার টাকা। তার স্ত্রী মোনালিসার নগদ টাকা রয়েছে ৪৭ লাখ, ব্যাংকে জমা আছে দেড় লাখ, সঞ্চয় পত্র কেনা আছে ২০ লাখ, ব্যবসায়

বিনিয়োগ রয়েছে ৪০ লাখ টাকা।

ফরহাদ হোসেনের নিজের ২৫ ভরি ও স্ত্রীর ১৩০ ভরি স্বর্ণ রয়েছে। স্থাবর সম্পদ হিসেবে তিনি বেশ কিছু জমিজমার তথ্য এবারের হলফনামায় দিয়েছেন। তাঁর কৃষিজমি রয়েছে ২৭৪ শতক। রাজধানীর উত্তরায় ১ হাজার ৬০০ স্কয়ার ফুটের একটি ফ্ল্যাট তাঁর নামে রয়েছে, তবে তা বুঝে পাননি। এ ছাড়া একটি দোতলা পাকা বাড়ি রয়েছে তাঁর।

তবে, দশম জাতীয় সংসদ নির্বাচনে ফরহাদ হোসেন যে হলফনামা দাখিল করেছিলেন তা নগদ ও ব্যাংকে জমা মিলিয়ে ২০ লাখ টাকা ছিলো। তখন তিনি কোন গাড়ির মালিক ছিলেন না, ছিলো না কোন কৃষি জমি, ব্যবসা এমনকি কোন ফ্ল্যাট।

একাদশ সংসদ নির্বাচনের সময় দেড় কোটিরও কম টাকার সম্পদের হিসাব পাওয়া যায়। ওই সময় তাঁর কাছে নগদ ছিল ৬ লাখ টাকা। এ ছাড়া তখন তাঁর ছিল ৮০ লাখ টাকা দামের একটি গাড়ি, স্বর্ণ ও মূল্যবান ধাতু ছিল ২০ লাখ টাকার, আসবাব ছিল ৫ লাখ টাকার এবং ব্যবসা ও অন্যান্য সম্পদ ছিল ৩০ লাখ টাকার। ওই বছর তাঁর সঞ্চয়পত্র ছিল ১ লাখ ৫ হাজার ৩৫৩ টাকার। কৃষি থেকে আয় ছিল ৪ লাখ ও অন্যান্য খাত থেকে ৬ লাখ ৬০ হাজার টাকা।

মেহেরপুর জেলা নির্বাচন অফিস থেকে প্রাপ্ত হলফনামা ও নির্বাচন কমিশনের ওয়েবসাইট থেকে প্রাপ্ত হলফনামা বিশ্লেষণ করে এসকল তথ্য পাওয়া গেছে।

গাংনীতে নতুন জাতের ধান চাষের উপকরণ বিতরণ

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর গাংনী শাখাতে সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায়, উচ্চ ফলনশীল নতুন জাতের ধান চাষ প্রদর্শনীর আওতায় ১০ জন ও ক্রপিং প্যাটার্ণ প্রদর্শনীর আওতায় ৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে । আজ সোমবার সকালে এসকল উপকরণ বিতরন করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল ব্রী-ধান -১০০, ১০০ কেজি, ব্রী- ধান- ৮৯, ১০০ কেজি, ব্রী-ধান-৭৪, ৪০ কেজি, ইউরিয়া সার ৩০০ কেজি, টিএসপি সার ৩০০ কেজি, এমওপি সার ১৫০,কেজি, ডিএপি সার ১০০ কেজি, দস্তা সার ১০ কেজি ও প্রয়োজনীয় বালাইনাশকসহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয় । উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।

গাংনীতে ধলা মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকেল ৩ টার সময় ধলা মাধ্যমিক বিদ্যালয়ের সভা কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

ম্যানেজিং কমিটির সভাপতি ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির বিদ্যেুৎসাহী সদস্য মো কাবু হোসেন,অবিভাবক সদস্য বাশারুল ইসলাম, সাবেক ইউ পি সদস্য ও অবিভাবক সদস্য আবুল কালাম।

আরো উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো আনোয়ার হোসেন সহ সকল সহকারী শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

এ সময় ম্যানেজিং কমিটির সভাপতি মিজানুর রহমান রানা শিক্ষকদের উদ্দেশ্য বলেন, শিক্ষার মান উন্নয়ন করতে হলে আপনাদের কে বর্তমান কারুকুলাম অনুযায়ী ছাত্র ছাত্রী দের পাঠদানে সক্রিয় হতে হবে। তাহলে ছাত্র ছাত্রী তাদের বর্তমান কারুকলাম কে সাদরে গ্রহন করে পড়া লেখায় মনযোগী হবে।

নতুন এই কারুকুলাম নিয়ে সকল শিক্ষক কে অবহিত করে বলেন আগামী দিনে যে ক্লাস পরিচালনা করবেন তা নতুন কারিকুলাম মেইনটেইন করেই পরিচালনা করতে হবে। থিউরি সাথে বাস্তবমুখী শিক্ষাদানে আরো

সচেষ্ট হতে হবে। শিক্ষার্থীদের মধ্যে নতুন কারুকুলাম বিষয়টি সু স্পষ্ট ধারনা দিতে হবে। কারন স্লেবাস হচ্ছে ছাত্র ছাত্রীদের মুল বিষয়। কাজেই এ বিষয়ে লক্ষ্য রেখে পাঠদান করতে হবে।

সফল প্রতিবন্ধী হিসেবে পুরস্কার পেলেন দৃষ্টিপ্রতিবন্ধী মামুন

সফল প্রতিবন্ধী হিসেবে জাতীয় প্রতিবন্ধী দিবসে সফল প্রতিবন্ধী হিসেবে জাতীয় পুরস্কার পেলেন মেহেরপুরের দৃষ্টিপ্রতিবন্ধী ওমর ফারুক মামুন।

গতকাল রবিবার সমাজকল্যান মন্তণালয়ের জাতীয় ফাউন্ডেশন মিলনায়তনে তাকে এ পুরস্কারে ভুষিত করা হয়। সফল প্রতিবন্ধী হিসেবে মামুনকে তিনটি ক্যাটাগরিতে বেছে নেওয়া হয়। সে দৃষ্টিপ্রতিবন্ধী হয়েও কম্পিউটার প্রশিক্ষক, হোমিওপ্যাথি চিকিৎসক ও লেখালেখির বিষয়টি পাধান্য দেওয়া হয়েছে।

সমাজকল্যান প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সারা বাংলাদেশের সফল ৭ প্রতিবন্ধীর হাতে ক্রেষ্ট, সনদ ও আর্থিক পুরস্কার তুলে দেন।

ওমর ফারুক মামুন মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে।

গাংনীর গাড়াবাড়ীয়াতে রোগে আক্রান্ত গরু জব্দ; জরিমানা আদায়

গাংনীর গাড়াবাড়ীয়াতে এনথ্রাক্স রোগে আক্রান্ত জবাই কৃত গরু জব্দ করা হয়েছে।

আজ সোমবার সকাল ৯ টার সময় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের ভেটেনারি সার্জন ডাঃমোঃ আরিফুল ইসলাম ধলা পুলিশ ক্যাম্পের এ এস আই অমল চন্দ্র সঙ্গীয় ফোর্স নিয়ে জবাই কৃত গরু জব্দ করেন।

জবাইকৃত গরু হলো গাড়াবাড়ীয়া গ্রামের মৃত জসীমউদ্দিনের ছেলে হাসেম আলীর। স্থানীয়রা জানান, আজ ভোর ৫ টার সময় গরু জবাই করেন। এবং জব্দ করার আগেই ২৫ কেজি মত মাংস বিক্রি হয়েছে বলে জানান। তবে বিক্রয় কৃত মাংস ফিরিয়ে নিয়ে তাদের টাকা ফেরৎ দেওয়ার নির্দেশ দেন ডাঃ আরিফুল ইসলাম।

এ বিষয়ে ভেটেনারি সার্জন ডাঃ আরিফুল ইসলাম জানান আমরা অভিযোগ পাই গাড়াবাড়ীয়া গ্রামে অসুস্থ গরু জবাই হচ্ছে সেই পরিপ্রেক্ষিতে আসি এসে গরুর মাংস ভুড়ি জব্দ করি এবং বাকি মাংস গুলো কেরোসিন দিয়ে খোলা যায়গায় ৬ ফুট মাটির পুতে রাখার ব্যাবস্থা করা হয়েছে। বিক্রির মাংস ফেরৎ নিয়ে টাকা ফেরৎ দেওয়ার ব্যাবস্থা করা হচ্ছে।

এ বিষয়ে ২ নং ওয়ার্ডের গাড়াবাড়ীয়া গ্রামের মেম্বর জিনারুল ইসলাম জানান এনথ্রাক্স আক্রান্ত গরু জবাই করেছে বলে ধারনা করা হয়েছে। সে ক্ষেত্রে যারা মাংস কিনেছে তারা যেন না খাই সেই ব্যাবস্থা চলমান রেখেছি।

ধলা ক্যাম্পের ইনচার্জ অমল চন্দ্র জানান যারা যারা এই কাজের সাথে জড়িত তাদের সকলকে আইনের আওতায় আনা হবে ইউ এন ও স্যারের কাছে হাজির করার ও নির্দেশ আছে।

জানাগেছে এই কর্মকান্ডে জড়িত মস্তক আলী ১০০০ ও গরুর মালিক হাসেম আলীর ১০০০ টাকা জরিমানা করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রিতম সাহা।

মেহেরপুরে গণজাগরণের শিল্প আন্দোলন সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরে গণজাগরণের শিল্প আন্দোলন সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়েছে। জেলা শিল্পকলা একাডেমির আয়েজনে রবিবার রাতে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এসময় পি পি পল্লব ভট্টাচার্য, জেলা বি এম এ’র সভাপতি ডাঃ আবুল বাশার, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় জেলা শিল্পকলা একাডেমির শিল্পীরা সাংস্কৃতিক উৎসবের সংগীত ও নৃত্য পরিবেশন করে অতিথিদের মুগ্ধ করে তোলে।

মেহেরপুরে ১২ গ্রাম হেরোইনসহ দম্পতি আটক

মেহেরপুরে ১২ গ্রাম হেরোইন সহ এক দম্পতিকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় তাদের ব্যবহৃত একটি মোটরসাইকেল জব্দ করা হয়।

আটককৃতরা হলেন মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর গ্রামের আসমান আলীর ছেলে খায়রুল ইসলাম (৩৭) এবং তার স্ত্রী মোছাঃ রিতা খাতুন (৩২)।



আজ রবিবার ৩ ডিসেম্বর দুপুর দুইটার দিকে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম বিশেষ অভিযানে তাদের মাদকসহ রাজাপুর গ্রাম থেকে আটক করে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, মাদকের একটি চালান হাত বদল হচ্ছে বিশেষ সূত্রে এমন খবর পেয়ে জেলা কার্যালয়ের পরিদর্শক মো: আবুল হাশেম এর নেতৃত্বে একটি দল দুপুর দুইটার দিকে রাজাপুর গ্রামের জনৈক হাফিজুল ইসলামের কলাবাগানের সন্নিকটে অবস্থান নেয়। এ সময় একটি নম্বর প্লেট বিহীন টিভিএস মোটরসাইকেলের গতি রোধ করে আরোহীদের তল্লাশি করে ১২ গ্রাম হেরোইন সহ খাইরুল ও তার স্ত্রী রিতাকে আটক করা হয়।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মোঃ আবুল হাশেম বলেন, ‘জব্দকৃত মাদকের বাজার মূল্য প্রায় ১ লক্ষ ৬০ হাজার টাকা। আটককৃত দম্পতির বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের আওতায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে এবং তাদের থানায় সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর-২ আসনে ৯ জন বৈধ, ৫

জন অবৈধ ও ১ জনের মনোনয়ন স্থগিত ঘোষণা

আরপিও’র ১৯৭২ এর ১৪ অনুচ্ছেদের কয়েকটি ধারা অনুযায়ী মেহেরপুর-২ আসনে ৯ প্রার্থীর মনোনয়ন বৈধ, ৫ প্রার্থীর মনোনয়ন বাতিল এবং ১ প্রার্থীর মনোনয়ন স্থগিত করেছেন জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান।

আজ রবিবার সকাল ১০ টা থেকে দুপুুর ১ টা পর্যন্ত মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসানের সম্মেলন কক্ষে মনোননয়ন যাচাই বাছাই শেষে এ তথ্য জানানো হয়েছে।

মেহেরপুর-২ আসনের মনোনয়ন বাতিল হওয়া প্রার্থীদের অ্যাডভোকেট রাশিদুল হক জুয়েল সদ্য গাংনী উপজেলা পরিষদ থেকে পদত্যাগ কারী ভাইস চেয়ারম্যান। মনোনয়নপত্রে তার এক শতাংশ ভোটারের সত্যতা না পাওয়া ও ভোটারের জাল স্বাক্ষরের কারণে তার মনোনয়ন বাতিল করা হয়।

একই কারণে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী সাবেক ছাত্রলীগ নেতা নুরুল ইসলাম, আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের সদস্য জাহাঙ্গীর আলম বাদশা ও স্বতন্ত্র আশরাফুল ইসলামের মনোনয়ন বাতিল করা হয়।

এছাড়া হলকনামায় উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দিতে না পারায় বাংলাদেশ কংগ্রেসের মনোনীত প্রার্থী আল ফারুকের মনোনয়ন স্থগিত করা হয়।

মেহেরপুর-২ আসনের বৈধ প্রার্থীরা হলেন- আওয়ামী লীগ প্রার্থী আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও বর্তমান সংসদ সদস্য স্বতন্ত্র প্রার্থী সাহিদুজ্জামান, স্বতন্ত্র প্রার্থী সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, তৃনমূল বিএনপির আব্দুল গনি, এনপিপির গোলাম রসুল, বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোটের শাহ জামাল, ওয়ার্কাস পার্টির নুর আহমেদ বকুল, জাকের পার্টির সামসুদ্দোহা, জাতীয় পিার্টর কিতাব আলী।

জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান জানান, যাদের মনোনয়ন

বাতিল করা হয়েছে। তারা সংক্ষূব্ধ হলে আপিল করতে পারবেন।

মেহেরপুর-১ আসনে ৭ প্রার্থীর মনোনয়ন বৈধ ও তিন প্রার্থীর মনোনয়ন বাতিল

আরপিও’র ১৯৭২ এর ১৪ অনুচ্ছেদের কয়েকটি ধারা অনুযায়ী মেহেরপুর-১ আসনে ৭ প্রার্থীর মনোনয়ন বৈধ এবং তিন প্রার্থীর মনোনয় বাতিল করা হয়েছে।

রবিবার সকাল ১০ টা থেকে দুপুুর ১ টা পর্যন্ত মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসানের সম্মেলন কক্ষে মনোননয়ন যাচাই বাছাই শেষে এ তথ্য জানানো হয়েছে।

মেহেরপুর-১ আসনের বাতিল প্রার্থীরা হলেন- মেহেরপুর-১ আসনে স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাড. মিয়াজান আলী, স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, জাতীয় পার্টির (জেপি) মওলাদ আলী খান।

এদের মধ্যে অ্যাড. ইয়ারুল ইসলাম আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দেওয়ায় বাতিল হয়েছে। অ্যাড মিয়াজান আলী ফৌজদারী মামলার তথ্য গোপন, সমর্থনকারীদের স্বাক্ষর জাল করাসহ প্রবাসে বসবাসকারীদের সমর্থন দেখানোতে বাতিল এবং জাতীয় পার্টি (জেপি) প্রার্থী মওলাদ আলী খান ভুল তথ্য প্রদান করা সহ নিজের প্রার্থীতার প্রস্তাবকারী ও সমর্থনকারী নেজেকেই দেখানোতে তার মনোনয়ন বাতিল করা হয়েছে।

বৈধ প্রার্থীরা হলেন আওয়ামীলীগ প্রার্থী ফরহাদ হোসেন, জেলা আওয়ামী লীগের সদস্য ও দুইবারের সাবেক এমপি স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান, আওয়ামী লীগের জাতীয় পরিষদের সদস্য ও সাবেক এমপি জয়নাল আবেদীন, জাতীয় পার্টির আব্দুল হামিদ, বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট প্রার্থী বাবুল জাম, জাকের পার্টির সাইদুল

আলম, এনপিপির তরিকুল ইসলাম লিটন।

মনোনয়ন বাতিল হওয়া অন্যান প্রার্থীরা কোনরূপ প্রতিক্রিয়া না জানালেও মেহেরপুর-১ আসনের জাতীয় পার্টির জেপি) প্রার্থী মওলাদ আলী খান আপিল করবেন বলে জানিয়েছেন।

জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান জানান, যাদের মনোনয়ন বাতিল করা হয়েছে। তারা সংক্ষূব্ধ হলে আপিল করতে পারবেন।

মেহেরপুরে জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

মেহেরপুরে ৩২ তম আন্তর্জাতিক এবং ২৫ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (৩ ডিসেম্বর) সকাল দশটার সময় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেনের নেতৃত্বে র্যালিটি মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী চত্বর থেকে শুরু করে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে চত্বরে গিয়ে শেষ হয়।

পরে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ পরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তুলসী কুমার পাল প্রমুখ।